

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা
www.dshe.gov.bd



স্মারক নং ৩৭.০২.০০০০.১০৫.৩১.০৮৫.১৯/৬৬৭৫/৯

তারিখ : ১৪/১২/২০১৯ খ্রি.

বিষয় : পরিদর্শন ও নিরীক্ষা অধিদপ্তরের গত ২৩/০২/২০০৬ খ্রি. তারিখের আপত্তি নিষ্পত্তির রেকর্ডপত্র দাখিলকরণ।

- সূত্র : (১) তদন্ত কর্মকর্তার ০৫/০৩/২০১৯ খ্রি. তারিখের প্রতিবেদন;
(২) মন্ত্রণালয়ের স্মারক নং ৩৭.০০.০০০০.০৭০.৭৭.০০১.১৮.২৩৪ তারিখ : ২৫/০৮/২০১৯ খ্রি.
(৩) স্মারক নং ৩৭.০২.০০০০.১০৫.৩১.০৮৫.১৯-৪৩৯৫(৩) তারিখ : ০৭.১০.২০১৯ খ্রি.
(৪) অধ্যক্ষের ২৯/১০/২০১৯ ও ০৪/১১/২০১৯ খ্রি. তারিখের জবাব;

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সিলেট জেলার বিয়ানীবাজার উপজেলাধীন সৈয়দ নবীব আলী কলেজ এর অধ্যক্ষ জনাব মো: দিলওয়ার হোসেইন এর কাম্য অভিজ্ঞতা বিহীন অধ্যক্ষ পদে যোগদান করায় কেন নিয়োগ বাতিল করা হবে না এ বিষয়ে মাউশি থেকে ০৭.১০.২০১৯ খ্রি. তারিখের পত্রে ব্যাখ্যা চাওয়া হলে ৪ নং সূত্রে কারণ দর্শানো পত্রের জবাব দাখিল করেন। জবাবে জানান যে, সৈয়দ নবীব আলী কলেজটি পরিদর্শন ও নিরীক্ষা অধিদপ্তর থেকে গত ২৩/০২/২০০৬ তারিখে নিরীক্ষা করা হয়। নিরীক্ষায় জনাব মো: দিলওয়ার হোসেইন এর অধ্যক্ষ পদে নিয়োগের সময় ১০ বছরের শিক্ষকতা/প্রশাসনিক অভিজ্ঞতা না থাকায় নিয়োগ বিধিসম্মত হয় নাই এবং তিনি সরকারি বেতন ভাতাদি প্রাপ্য নহেন মর্মে মতামত প্রদান করেন। বিষয়টির প্রতি শিক্ষা মন্ত্রণালয়ের দৃষ্টি আকর্ষণ করেন।

এমতাবস্থায়, পরিদর্শন ও নিরীক্ষা অধিদপ্তরের ২৩/০২/২০০৬ খ্রি. তারিখের নিরীক্ষা প্রতিবেদনের সুপারিশ এর প্রেক্ষিতে জনাব মো: দিলওয়ার হোসেইন এর অধ্যক্ষ পদে নিয়োগের বিরুদ্ধে অডিট আপত্তি নিষ্পত্তির রেকর্ডপত্র দাখিল করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

২৩.১২.১৭
(মো. আবদুল কাদের)
সহকারী পরিচালক(কলেজ-৩)
ফোন নং ৯৫৫৬০৫৭

জনাব মো: দিলওয়ার হোসেইন
অধ্যক্ষ
সৈয়দ নবীব আলী কলেজ
বিয়ানীবাজার, সিলেট।

বিতরণ : (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- (১) পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, সিলেট অঞ্চল, সিলেট;
(২) সভাপতি, গভর্নিং বডি, সৈয়দ নবীব আলী কলেজ, বিয়ানীবাজার, সিলেট;
(৩) সংরক্ষণ নথি।